

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১১ জুন, ২০২৪ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১১/০৬/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব জিনিয়া জিন্নাত এর নেতৃত্বে “ইন্ডিয়ান স্পাইসি” তাজমহল রোড, মোহাম্মদপুর, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটির ফ্রিজে প্রচুর পরিমাণে যথাযথ লেবেল বিহীন খাদ্য মজুদ করতে দেখা যায়। প্রতিষ্ঠানটির স্টোরে আমদানিকারকের তথ্য বিহীন খাদ্যেপকরণ মজুদ করতে দেখা যায়। রেস্টোরাঁ নিবন্ধন সনদ, খাদ্যকর্মীদের স্বাস্থ্যসনদ, প্রিমিসেস লাইসেন্স ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হওয়ায় তাদের সংশোধনের সুযোগ দিয়ে উক্ত এলাকার নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মীর মাসুম আলী’কে পরবর্তী অগ্রগতি পরিদর্শনপূর্বক অতিসত্বর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে একটি লিখিত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকালে “ইন্ডিয়ান স্পাইসি” কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।


(মোঃ আখতার আমুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।